

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা, গাজীপুর ও টাঙ্গাইল ৭ টি কারখানাকে ১৫ লক্ষ ৮০ হাজার ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে গত ১৫/০৭/২০১৯ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী কর্তৃক ঢাকা, গাজীপুর, ও টাঙ্গাইলের ৭টি কারখানা/প্রতিষ্ঠানকে ১৫ লক্ষ ৮০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে।

কারখানাসমূহের মধ্যে-তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বন্ধ রেখে অপরিশোধিত তরল বর্জ্য সরাসরি পরিবেশে নির্গমন করে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতিসাধনের অপরাধে (১) সাহাবা নীট কম্পোজিট লিঃ বিকেবাড়ী, মির্জাপুর, টাঙ্গাইল-কে ১২ লক্ষ ৬০ হাজার টাকা; পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত এবং এলাকাবাসীর অভিযোগের ভিত্তিতে ঢাকা মহানগরীর কদমতলীর মুরাদনগর এলাকায় অবস্থিত (২) মেসার্স চন্দ্রপুরী মেটাল, (৩) মেসার্স পদ্মা ইংক (৪) মেসার্স এক এস মেটাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস (৫) মেসার্স এ -১ ওয়্যার, প্রত্যেকটি কারখানাকে ৫০ হাজার করে ২ লক্ষ টাকা এবং একই অপরাধে (৬) মা'ম সিরামিকস, গন্তব্যপাড়া, মির্জাপুর, টাঙ্গাইল-কে ২০ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়াও, পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত এবং অটোমেটিক রাইস মিলের ছাঁই ও কালো ধোঁয়া দ্বারা নদী ও পরিবেশ দূষণের অপরাধে (৭) মেসার্স মা অটোমেটিক রাইস মিল, উত্তর বেতডোবা, হামিদপুর, কালিহাতী, টাঙ্গাইল-কে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

তারিখ : ১৭/০৭/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

মোবাইল-০১৭১২১৭৮৮৮২